

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০৩.২০.৮

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১২৯৬৩/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৮.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব সাদেক হোসেন, পিতা: মো: ফজলুর রহমান, গ্রাম: মেলাবোর, উপজেলা: কিশোরগঞ্জ, জেলা: নীলফামারী এবং অন্য একজন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৯৬৩/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং সংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, ১ নং আবেদনকারী জনাব সাদেক হোসেন (শিক্ষক, রণচণ্ডী বাসুনিয়া পাড়া বালিকা দাখিল মাদরাসা, কিশোরগঞ্জ, নীলফামারী) এর মে-২০১০ থেকে ফেব্রুয়ারি-২০১৯ পর্যন্ত এবং ২ নং আবেদনকারী পারভিন {৪র্থ শ্রেণির কর্মচারী (আয়), রণচণ্ডী বাসুনিয়া পাড়া বালিকা দাখিল মাদরাসা, কিশোরগঞ্জ, নীলফামারী স্বামী: আব্দুল্লাহ, গ্রাম: হামরগারগ্রা, উপজেলা: কিশোরগঞ্জ, জেলা: নীলফামারী} এর জানুয়ারি-২০১৬ থেকে জুন- ২০১৬ পর্যন্ত সময়ের জন্য বকেয়া বেতন-ভাতার দাবীতে মহামান্য হাইকোর্ট বিভাগে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটিতে সচিব, শিক্ষা মন্ত্রণালয়সহ মোট ৪ জনকে রেসপন্ডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটি সরকারি স্বার্থ সংশ্লিষ্ট অর্থাৎ বিপুল পরিমাণ আর্থিক স্বার্থ জড়িত বিষয়ে সরকারি স্বার্থ নিশ্চিত করার নিমিত্ত জরুরীভিত্তিতে মহামান্য আদালতে সরকার পক্ষের জবাব (*Affidavit in opposition*) দাখিল হওয়া প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২৯৬৩/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতিপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ আগামী ১০.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৭-২০২০

ড. মো: মহতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০৩.২০.৮/১(৭)

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১৬-৭-২০২০

ড. মো: মন্তাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)